গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভাঙ্গুড়া, পাবনা।
www.bhangura.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬১৯.০০০.১১.০১০.২৬- ০৬

তারিখ ঃ ১৭ পৌষ ১৪৩২
০১ জানুয়ারি ২০২৬

**"সাধারণ আবেদনে ২০(বিশ) একর পর্যন্ত জলমহাল ইজারার আবেদন অনলাইনে দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, জুন ২৫, ২০০৯ খ্রি. তারিখে প্রকাশিত ভূমি মন্ত্রণালয়ের শাখা নং ৭ এর ২৩ জুন ২০০৯ খ্রি. তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর 'জাল যার জলা তার' নীতির আলোকে এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখা'র ২৩/১১/২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.৭০৪ নং প্রজ্ঞাপন মোতাবেক ২০(বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল অনলাইনে ইজারা ব্যবস্থাপনার জন্য পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলার নিম্নবর্ণিত ৩৩(তেত্রিশ)টি বদ্ধ খাস জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা/বন্দোবস্তের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আগ্রহী নিবন্ধিত প্রকৃত যুব মৎস্যজীবী সমবায় সমিতি, সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে যে কোন তফসিলি ব্যাংকের শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গুড়া, পাবনা-এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, ভাঙ্গুড়া, পাবনা হতে আবেদনপত্র ক্রয় করে www.lams.gov.bd অথবা www.jm.lams.gov.bd তে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে নিম্নবর্ণিত তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গুড়া, পাবনা'য় দাখিল করতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতিত ও সিডিউলে বর্ণিত তারিখের পর আবেদন গ্রহণ করা হবে না। ইজারা মূল্যের ২০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে আবেদনের সাথে দাখিল করতে হবে। কোন জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত কর্তৃপক্ষ/ আদালতে স্থিতাবস্থা/ স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞার আদেশ জারি করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

উল্লেখ্য যে, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠনগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি এবং ইজারাদারদের অবশ্য পালনীয় শর্তাবলী যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে উপজেলা ভূমি অফিস, ভাঙ্গুড়া, পাবনা-এর কার্যালয় হতে জানা যাবে।

**আবেদন সংক্রান্ত সিডিউল**

| ক্র. নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১। | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে<br>(১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি/২০২৬ এর মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল |
| ০২। | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে<br>(০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারি/২০২৬ এর মধ্যে)<br>(প্রতিদিন সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা) | ০৩(তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গুড়া, পাবনা'য় দাখিল |

**ইজারাযোগ্য জলমহালের বিবরণ**

| ক্রম | জলমহালের নাম | ইউনিয়নের নাম | মৌজার নাম | খতিয়ান নং (আর.এস) | দাগ নং (আর.এস) | জমির পরিমাণ (একর) | ০৩(তিন) বছরের সম্ভাব্য ইজারা মূল্য (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | বড়বিশাকোল পুকুর | অষ্টমনিষা | বড়বিশাকোল | ০১ | ৩০৬ | ২.০২ একর | ১,০৯,২০০/- |
| ২ | মাদারবাড়ীয়া পুকুর-৬৩৭ | খানমরিচ | মাদারবাড়ীয়া | ০১ | ৬৩৭ | ০.৯৪ একর | ১৪,৭০০/- |
| ৩ | মাদারবাড়ীয়া পুকুর-৪৫৩ | খানমরিচ | মাদারবাড়ীয়া | ০১ | ৪৫৩ | ০.৮১ একর | ১৮,৯০০/- |
| ৪ | মাদারবাড়ীয়া পুকুর-৬০৫ | খানমরিচ | মাদারবাড়ীয়া | ০১ | ৬০৫ | ০.৭০ একর | ৩০,৪৫০/- |
| ৫ | মাদারবাড়ীয়া পুকুর-৬৪৪ | খানমরিচ | মাদারবাড়ীয়া | ০১ | ৬৪৪ | ০.৪৭ একর | ১৫,২২৫/- |
| ৬ | মাদারবাড়ীয়া পুকুর-৬১৩ | খানমরিচ | মাদারবাড়ীয়া | ০১ | ৬১৩ | ০.৮৩ একর | ২৭,৩০০/- |
| ৭ | মুন্ডুমালা পুকুর-৬৯৪ | খানমরিচ | মুন্ডুমালা | ০১ | ৬৯৪ | ১.০৯ একর | ৪৪,৩৬৩/- |
| ৮ | মুন্ডুমালা পুকুর-৭৬৩ | খানমরিচ | মুন্ডুমালা | ০১ | ৭৬৩ | ০.৪৮ একর | ৩৯,৯০০/- |
| ৯ | মুন্ডুমালা পুকুর-৮৩৭ | খানমরিচ | মুন্ডুমালা | ০১ | ৮৩৭ | ০.৬৬ একর | ৫৮,০১৩/- |
| ১০ | রমানাথপুর পুকুর-২৭৪ | খানমরিচ | রমানাথপুর | ০১ | ২৭৪ | ১.৬০ একর | ৫২,৫০০/- |
| ১১ | রমানাথপুর পুকুর-১৪৫ | খানমরিচ | রমানাথপুর | ০১ | ১৪৫ | ০.৮২ একর | ৪৭,২৫০/- |
| ১২ | খানমরিচ পুকুর-১৪৪৮ | খানমরিচ | খানমরিচ | ০১ | ১৪৪৮ | ০.৮৬ একর | ১৫,২২৫/- |

চলমান পাতা-০২

| ক্রম | জলমহালের নাম | ইউনিয়নের নাম | মৌজার নাম | খতিয়ান নং (আর.এস) | দাগ নং (আর.এস) | জমির পরিমাণ (একর) | ০৩(তিন) বছরের সম্ভাব্য ইজারা মূল্য (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | মিছমেথইর পুকুর-১৭৫ | খানমরিচ | মিছমেথইর | ০১ | ১৭৫ | ০.৭৭ একর | ৯৬,৬০০/- |
| ১৪ | মাদারবাড়ীয়া জলমহাল-৪২৬ | খানমরিচ | মাদারবাড়ীয়া | ০১ | ৪২৬ | ০.৯৫ একর | ১৮,৯০০/- |
| ১৫ | মুন্ডুমালা পুকুর-৪৯৮ | খানমরিচ | মুন্ডুমালা | ০১ | ৪৯৮ | ০.৩৮ একর | ১৫,৪৯৮/- |
| ১৬ | মুন্ডুমালা পুকুর-৪৫১ | খানমরিচ | মুন্ডুমালা | ০১ | ৪৫১ | ০.৩৮ একর | ৬,০০০/- |
| ১৭ | খানমরিচ পুকুর-১৩৬৯ | খানমরিচ | খানমরিচ | ০১ | ১৩৬৯ | ০.৭৯ একর | ৬০,০০০/- |
| ১৮ | পরমানন্দপুর পুকুর-৯৫ | খানমরিচ | পরমানন্দপুর | ০১ | ৯৫ | ১.৬৩ একর | ৩০,০০০/- |
| ১৯ | খানমরিচ পুকুর-১২২০ | খানমরিচ | খানমরিচ | ০১ | ১২২০ | ০.৩৩ একর | ৬,১৯৬/- |
| ২০ | খানমরিচ পুকুর-১৬০২ | খানমরিচ | খানমরিচ | ০১ | ১৬০২ | ০.৯৫ একর | ২১,০০১/- |
| ২১ | পূর্ব রামনগর পুকুর-৮৫ | খানমরিচ | পূর্ব রামনগর | ০১ | ৮৫ | ০.৪৬ একর | ৬,০০০/- |
| ২২ | পরমানন্দপুর পুকুর-২৩৫ | খানমরিচ | পরমানন্দপুর | ০১ | ২৩৫ | ১.৫১ একর | ১২,৪১৮/- |
| ২৩ | করতকান্দি পুকুর-১০৬১ | খানমরিচ | করতকান্দি | ০১ | ১০৬১ | ৭.৬১ একর | ১,৩০,০০০/- |
| ২৪ | মাগুড়া জলকর-৯১৮, ৯১৯ | দিলপাশার | মাগুড়া | ০১ | ৯১৮, ৯১৯ | ১.০৬ একর | ৯৫,০০০/- |
| ২৫ | চাঁচকিয়া জলকর-১৯৬০ | দিলপাশার | চাঁচকিয়া | ০১ | ১৯৬০ | ৩.২৯ একর | ১,৬৯,০৫১/- |
| ২৬ | বেতুয়ান খাস পুকুর-২৩৪৭ | দিলপাশার | চাঁচকিয়া | ০১ | ২৩৪৭ | ১.৪০ একর | ৩,৪৯,৩৭৩/- |
| ২৭ | চাঁচকিয়া পুকুর-১৮৯২ | দিলপাশার | চাঁচকিয়া | ০১ | ১৮৯২ | ১.৮৫ একর | ১,৬০,০০০/- |
| ২৮ | চাঁচকিয়া মজা পুকুর-১৮৫৯ | দিলপাশার | চাঁচকিয়া | ০১ | ১৮৫৯ | ১.৭১ একর | ৫২,৫০২/- |
| ২৯ | চাঁচকিয়া পুকুর-১৯১৩ | দিলপাশার | চাঁচকিয়া | ০১ | ১৯১৩ | ১.২১ একর | ৬৬,১৫০/- |
| ৩০ | চাঁচকিয়া পুকুর-১৭৬৩ | দিলপাশার | চাঁচকিয়া | ০১ | ১৭৬৩ | ০.৮২ একর | ৮,০০০/- |
| ৩১ | চাঁচকিয়া পুকুর-১৬৮৯ | দিলপাশার | চাঁচকিয়া | ০১ | ১৬৮৯ | ১.১১ একর | ৮,০০০/- |
| ৩২ | চাঁচকিয়া পুকুর-১৯৭৪ | দিলপাশার | চাঁচকিয়া | ০১ | ১৯৭৪ | ১.০৬ একর | ২৬,২৫২/- |
| ৩৩ | জালেশ্বর পুকুর-১৫৮১ | মন্ডুতোষ | জালেশ্বর | ০১ | ১৫৮১ | ১.১৭ একর | ৪,৫১৭/- |

**শর্তাবলী**

১। www.jm.lams.gov.bd তে অথবা www.land.gov.bd ওয়েবসাইটে গিয়ে জলমহাল ইজারার জন্য আবেদন দাখিল করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গুড়া, পাবনা বরাবর দাখিল করতে হবে। সিডিউল অনুযায়ী নির্ধারিত সময়ের পর কোন আবেদনের প্রিন্টেড কপি গ্রহণ করা হবে না।

২। ইজারা বিজ্ঞপ্তিতে ৩ (তিন) বছরের সম্ভাব্য ইজারা মূল্য উল্লেখ করা হয়েছে।

৩। সিডিউলে বর্ণিত নির্ধারিত তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গুড়া, পাবনায় রক্ষিত টেন্ডার বাক্সে আবেদন গ্রহণ করা হবে।

৪। আবেদন দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিনে দেখে আবেদন দাখিল করতে হবে। পরে কোন আপত্তি উত্থাপন করলে তা গ্রহণযোগ্য হবে না।

৫। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি গুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

৬। আবেদনপত্রের প্রিন্টেড কপির সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।

৭। অনলাইনের আবেদনপত্রে নির্দিষ্ট কলামসমূহ যথাযথভাবে পূরণ পূর্বক আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে।

৮। দাখিলকৃত আবেদনপত্র কোন প্রকার কাটাকাটি ঘষামাজা করা যাবে না। প্রতিটি কলাম যথাযথভাবে স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৯। প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) কর্মদিবসের মধ্যে নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছর সমূহের ইজারামূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে।

১০। আবেদনপত্রের সাথে ইজারা মূল্যের ২০% জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গুড়া, পাবনা এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে।

১১। ইজারাপ্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ১০% আয়কর পরিশোধ করতে হবে।

১২। আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

১৩। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

চলমান পাতা-০৩

১৪। জলমহাল সংক্রান্ত ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমবায়/সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, সে সকল সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন। তবে কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

১৫। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

১৬। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাই এর পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল ইজারা বন্দোবস্তের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৭। জলমহাল ইজারা/বন্দোবস্ত গ্রহীতা সমিতি সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য প্রতি বছর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করবেন।

১৮। জলমহাল ইজারাপ্রাপ্ত কোন সমিতি/সংগঠন তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করতে পারবেন না বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেন না।

১৯। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

২০। জলমহাল ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং বছরের যে কোন সময়ে জলমহাল ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। যদি একই সময়ের মধ্যে কোন খাস কালেকশন হয় তাহলে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবেন না।

২১। বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বদ্ধ জলাশয়ে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২২। কোন জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি কোন উপযুক্ত আদালত স্থিতিবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ জারী করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২৩। জলমহালের কোন ক্ষতিসাধন করা যাবে না এবং ভূ-গর্ভস্থ কোন সম্পদের উপর লীজ গ্রহীতার অধিকার বর্তাবে না।

২৪। জমাকৃত আবেনপত্রসমূহ যাচাই-বাছাই এর ক্ষেত্রে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৫। জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করবেন।

২৬। উল্লিখিত যে কোন শর্ত খেলাপ বা পালনে ব্যর্থ হলে ইজারা/বন্দোবস্তের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল ও সমূদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

২৭। জলমহাল সংক্রান্ত ব্যবস্থাপনা সর্বক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী পরিচালিত হবে। এছাড়াও বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি বিধি বিধান সমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

০১/০৩/২৬

তাপস পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ভাঙ্গুড়া, পাবনা।
e-mail: unobhangura@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ভাঙ্গুড়া, পাবনা।
www.acl.bhangura.pabna.gov.bd

স্মারক নং-৩১.৪৩.৭৬১৯.০০০.১১.০১০.২৬- ১০

তারিখ ঃ ১৭ পৌষ ১৪৩২
০১ জানুয়ারি ২০২৬

**অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরিত হলো**

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, পাবনা।
৫। পুলিশ সুপার, পাবনা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।
৮। প্রশাসক, উপজেলা পরিষদ, ভাঙ্গুড়া, পাবনা।
৯। উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গুড়া, পাবনা।

**অনুলিপি ঃ সদয় অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরিত হলো**

১০। উপজেলা নির্বাহী অফিসার, ...................................... (সকল), পাবনা।
১১। সহকারী কমিশনার (ভূমি), .......................................... (সকল), পাবনা।
১২। প্রশাসক, ভাঙ্গুড়া পৌরসভা, ভাঙ্গুড়া, পাবনা।
১৩। অফিসার ইনচার্জ, ভাঙ্গুড়া থানা, ভাঙ্গুড়া, পাবনা। (দরপত্র দাখিলের দিন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো)।
১৪। উপজেলা ............................................. কর্মকর্তা, ভাঙ্গুড়া, পাবনা।
১৫। প্রশাসক/চেয়ারম্যান, ................................................... (সকল) ইউনিয়ন পরিষদ, ভাঙ্গুড়া, পাবনা। (ইজারা বিজ্ঞপ্তিটি হাটবাজার এবং গুরুত্বপূর্ণ স্থানে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপকভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৬। ......................................................................, সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, ভাঙ্গুড়া, পাবনা।
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .............................. (সকল) ইউনিয়ন ভূমি অফিস, ভাঙ্গুড়া, পাবনা। (ইজারা বিজ্ঞপ্তিটি হাটবাজার এবং গুরুত্বপূর্ণ স্থানে ঢোল সহরতে রমাধ্যমে ব্যাপকভাবে প্রচার অন্তে তার প্রতিবেদন আবেদনপত্র দাখিলের ০২(দুই) দিন পূর্বে অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১৮। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ................................ (ইজারা বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৯। সভাপতি/সম্পাদক, ...................................... মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, ভাঙ্গুড়া, পাবনা।
২০। নোটিশ বোর্ড/অফিসকপি।

০১/০১/২৬

মিজানুর রহমান
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ভাঙ্গুড়া, পাবনা।
e-mail: acland.bhangurapabna@gmail.com